

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর.ও . নং-২৭৭-আইন/২০১৯।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিউশন আইন, ২০১৮(২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিউশনের সহিত পরামর্শক্রমে, বিগত ১৯ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ৩ জুলাই, ২০১৮ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ২২০-আইন/২০১৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলের কলাম (১) এর—

- (ক) ক্রমিক নং ১৭ এর বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে, যথাক্রমে, এন্ট্রি “ক্লিন লোশনস” ও “বিডিএস ১৯২৩:২০১৯” প্রতিস্থাপিত হইবে;
- (খ) ক্রমিক নং ১৯ এর বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে, যথাক্রমে, এন্ট্রি “বেবি অয়েল” ও “বিডিএস ১৭৬৬:২০১৯” প্রতিস্থাপিত হইবে; এবং
- (গ) ক্রমিক নং ২১ এর বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে, যথাক্রমে, এন্ট্রি “ক্লিন ক্রিমস এন্ড লোশনস ফর বেবিস” ও “বিডিএস ১৮৫৮:২০১৯” প্রতিস্থাপিত হইবে।

(২) এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে পরবর্তী ২ (দুই) মাস সময়কাল অতিবাহিত হইবার পরের দিন হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোছাঃ মাকছুদা শিল্পী  
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(২১৫৭৫)

মূল্য : টাকা ৪.০০